যায়যায়দিন

তারিখ 03 APR 2008
পৃষ্ঠা ১৫ কলাম ৩

# বেসরকারি শিক্ষকদের চাকরি জাতীয়করণ বাস্তবায়নে অর্থ বরাদ্দের দাবি

যাযাদি রিপোর্ট

বেসরকারি শিক্ষকদের চাকরি জাতীয়করণের দাবি বাস্তবায়নে ২০০৮-০৯ অর্থ বছরের বাজেটে অর্থ বরাদ্দের দাবি জানিয়েছে বাংলাদেশ বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতি। গতকাল সমিতি কর্তৃক আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ দাবি জানানো হয়।

এর আগে গতকাল দুপুরে সমিতির পূর্ব নির্ধারিত কর্মসূচি অনুযায়ী চিফ অ্যাডভাইজর বরাবর স্মারকলিপি দেয়ার জন্য ঢাকা শিক্ষা ভবন চত্বরে কেন্দ্রীয় কমিটির নেতারা শান্তিপূর্ণ অবস্থান নিতে গেলে পুলিশ তাদের ছত্রভঙ্গ করে দেয়। এ সময় পুলিশের সঙ্গে কেন্দ্রীয় কমিটির সভাপতি সামসুল আলমের বাক বিতণ্ডা হয়। এক পর্যায়ে পুলিশ তাকে আটকের হুমকিও দেয়। সে সময় তিনি পুলিশের বাধা উপেক্ষা করে শিক্ষক নেতাদের সঙ্গে নিয়ে প্রেস ক্লাবের পশ্চিম পাশে অবস্থান নেন। পুলিশের বাধার কারণে তারা সেখান থেকেও সরে যেতে বাধ্য হন। শিক্ষকরা বলেন, মূলত সে সময় শিক্ষা ভবন ও প্রেস ক্লাব এলাকায় পুলিশ অঘোষিত ৪৪ ধারা জারি করে। এরপর দুপুর দেড়টার দিকে সামসুল আলম ও মৃগেন সাহার নেতৃত্বে পাচ সদস্যের প্রতিনিধি দল চিফ অ্যাডভাইজর বরাবর স্মারকলিপি দেন।

এ ঘটনার পর বিকালে সমিতির অফিসে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে শিক্ষকরা বলেন, যেখানে শিক্ষকরা ভোটার লিস্টের কাজে সারা দেশে কর্মরত সেখানে শিক্ষক প্রতিনিধিদের সঙ্গে পুলিশের এ আচরণ কোনো সভ্য সমাজ মেনে নিতে পারে না। তারা এ ব্যাপারে চিফ অ্যাডভাইজরের সহযোগিতা কামনা করেন।

সংবাদ সম্মেলনে ২৪ হাজার শিক্ষকের বেতন বন্ধে জারি করা পরিপত্র (দক্ষতা নিরূপণ পরীক্ষা) বাতিলেরও দাবি জানানো হয়। তারা বলেন, যেহেতু সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সমমানের যোগ্যতা সম্পন্ন শিক্ষক কর্মরত আছেন সেহেতু এ পরিপত্রটি বাতিলযোগ্য। বেসরকারি প্রাথমিক শিক্ষকদের জন্য ৫০ পারসেন্ট মহার্ঘ্যভাতা প্রদান, ৯২ হাজার শিক্ষক পরিবারের মধ্যে রেশনিং ব্যবস্থা চালু এবং পিইডিপি-২ এর মাধ্যমে টাকা অপচয় রোধ করার দাবিও জানানো হয়।